

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পবা, রাজশাহী

জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টিতে উপকরণ সহায়তা প্রদানের
(বিকল্প কর্মসংস্থানের আয়বর্ধক কর্মসূচি) মালামাল সংগ্রহের জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র

পত্র নম্বর: ৩৩.০২.৮১৭২.৫০১.০০০.৩৬.০০০১.২৫.৭৪

তারিখ: ২১/০৪/২০২৫খ্রি.

প্রতি,

.....
.....

১. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পবা, রাজশাহী এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।
২. ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।
৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ২৮/০৪/২০২৫ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে "জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টিতে উপকরণ সহায়তা (দেশীয়/ক্রস বকনা বাছুর) সংগ্রহ এর জন্য কোটেশন ২৮/০৪/২০২৫ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরেপ্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৬. ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
৭. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।
৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।
৯. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।
১০. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
১২. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতিরক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্গত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
১৫. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ কর্ম দিবসের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।
১৬. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৭ দিনের মধ্যে জারী করতে হবে।
১৭. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কর্মকর্তার স্বাক্ষর



(মো: ওয়ালী উল্লাহ মোল্লাহ)

(আইডি নম্বর:০০৫৯৫)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

পবা, রাজশাহী।

ফোন: ০২৫৮৮৮-৭৯১৮০

মোবাইল:০১৭৬৯-৪৫৯৬৪০

sufopaba@fisheries.gov.bd

বিতরণ:

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, রমনা, ঢাকা।
২. পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী।
৪. প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্যভবন, ঢাকা।
৫. প্রশাসক, উপজেলা পরিষদ, পবা, রাজশাহী।
৬. উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী।
৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পবা, রাজশাহী।
৮. উপজেলা ----- কর্মকর্তা, পবা, রাজশাহী ও সদস্য, কোটেশন উন্মুক্তকরণ কমিটি (বর্ণিত তারিখ ও সময়ে কোটেশন উন্মুক্তকরণের অনুরোধসহ)।
৯. উপজেলা..... কর্মকর্তা, পবা, রাজশাহী ও সদস্য, কোটেশন মূল্যায়ন কমিটি (বর্ণিত তারিখ ও সময়ে কোটেশন মূল্যায়ন এর অনুরোধসহ)।
১০. নোটিশ বোর্ড।
১১. দাপ্তরিক নথি।